



**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 4th Semester Examination, 2021

**BNGACOR09T-BENGALI (CC9)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও: (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ১০×৪ = ৪০ ৩০০ হবে)

**একক-১**

- (ক) 'ঘরে-বাইরে' উপন্যাসে বিমলার চরিত্র চিত্রণে যে গভীর মনস্তাত্ত্বিক টানাপোড়েন চিত্রিত হয়েছে তার স্বরূপ আলোচনা করো। ১০

**অথবা**

- (খ) রবীন্দ্রনাথের 'ঘরে-বাইরে' উপন্যাসে আত্মকথারীতি এই উপন্যাসের বিষয়বস্তুকে প্রকাশ করতে কতখানি শিল্পসম্মত হয়েছে আলোচনা করো। ১০

**একক-২**

- (গ) "আমাদের দেশে গার্হস্থ্য আশ্রমের যে অত্যন্ত উচ্চস্থান ছিল, এই কাব্য তাহা সপ্রমাণ করিতেছে।" — 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে এই মন্তব্যের যথার্থ্য প্রতিপন্ন করো। ১০

**অথবা**

- (ঘ) "কেহ যদি তরুণ বৎসরের ফুল ও পরিণত বৎসরের ফল, কেহ যদি মর্ত ও স্বর্গ একত্রে দেখিতে চায়, তবে শকুন্তলায় তাহা পাইবে।" — রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্যে'র অন্তর্গত শকুন্তলা প্রবন্ধ অবলম্বনে এই উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ করো। ১০

**একক-৩**

- (ঙ) "আমাদের সময়কার কিছু পূর্বে ধনীঘরে ছিল শব্দের যাত্রার চলন।" — রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে তৎকালীন শব্দের যাত্রার পরিচয় দাও। ১০

**অথবা**

- (চ) "জ্যোতিদাদা এসেছিলেন নির্জলা নতুন মন নিয়ে।" — জ্যোতিদাদার পরিচয় দিয়ে তাঁর সম্পর্কে 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ যে সম্মতিচারনা করেছেন তার বিবরণ দাও। ১০

## একক-৪

- (ছ) 'রাশিয়ার চিঠি' অবলম্বনে রাশিয়ার কৃষি ব্যবস্থা সম্পর্কে রবীন্দ্র-অভিজ্ঞতার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০  
প্রসঙ্গক্রমে ভারতবর্ষের কৃষি সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত প্রকাশ করো।

## অথবা

- (জ) 'রাশিয়ার চিঠি' গ্রন্থটি কী ধরণের রচনা সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

- ২। যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০)  $৫ \times ২ = ১০$
- (ক) "পৃথিবীতে যারা কাপুরুষ তারাই স্ত্রীর পূজা দাবি করে থাকে। তাতে পূজারি ও পূজিত দুয়েরই অপমানের একশেষ।" — উদ্ধৃত উক্তিটির বক্তা কে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (খ) "কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।" — অংশটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪
- (গ) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ কাকে 'ওস্তাদ শিকারী' বলেছেন? তাকে ওস্তাদ শিকারী বলার কারণ কী? ১+৪
- (ঘ) "মুশকিল এই, দয়া করে কোনো স্থায়ী জিনিস করা চলে না; বাইরে থেকে উপকার করতে গেলে পদে পদে তার বিকার ঘটে।" — রবীন্দ্রনাথের 'রাশিয়ার চিঠি' অবলম্বনে উদ্ধৃত উক্তিটির মমার্থ বিশ্লেষণ করো। ৫

**N.B. :** Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—